মূলত মধ্যএশীয় দেশগুলোর নিরাপত্তাজনিত উদ্বেগ থেকেই এ সংস্থার জন্ম। নিরাপত্তার ক্ষেত্রে প্রধান হুমকিগুলো হলো—সন্ত্রাস, বিচ্ছিন্নতাবাদ ও চরমপন্থা। তবে সামাজিক উন্নয়নের ক্ষেত্রেও এই সংস্থার তৎপরতা বাড়ছে। সামরিক সহযোগিতা বৃদ্ধি, গোয়েন্দা তথ্য আদান-প্রদান ও সন্ত্রাসবিরোধী তৎপরতার বিষয়ে সংস্থাটি সিদ্ধান্তে পৌঁছে ২০০৭ সালে। এর পর থেকেই সদস্য দেশগুলোর মধ্যে যৌথ সামরিক মহড়া শুরু হয়।

চীন ও রাশিয়া বড় ধরনের সামরিক মহড়ায় অংশ নিচ্ছে এই সময় থেকেই। প্রতি দুই বছর অন্তর এই সংস্থার পক্ষ থেকে সামরিক মহড়ার আয়োজন করা হয়। যার নাম 'পিস মিশন'। অর্থনৈতিক সহযোগিতার বিষয়ে একটি কাঠামোগত চুক্তি সই হয় ২০০৩ সালে। এই চুক্তির পর যৌথ জ্বালানি প্রকল্পসহ যৌথভাবে কিছু প্রকল্পও হাতে নেওয়া হয়।

যৌথ সামরিক মহড়ায় চীন, ভারত ও পাকিস্তান!

ইতিহাসে প্রথমবারের মতো একসঙ্গে সামরিক মহড়ায় অংশ নিচ্ছে চীন, ভারত ও পাকিস্তান। আসছে আগস্টে রাশিয়ার উরাল পর্বত এলাকায় মহড়ায় অংশ নিতে দেখা যাবে তাদের। নানা কারণেই এই তিনটি দেশের সম্পর্কে টানাপড়েন রয়েছে। সীমান্তবর্তী ডোকলামসহ পাকিস্তানকে সহায়তা করার জন্য চীনের ওপর নাখোশ ভারত। অন্যদিকে ভারত-পাকিস্তান দেশ দুটির নাম একসঙ্গে উচ্চারিত হতেই যেন অস্ত্রের ঝনঝনানির শব্দ বাজে কানে। এমনই এক পরিস্থিতির মধ্যে যৌথ মহড়ার ঘোষণায় অনেকেই বিস্মিত। এবারের মহড়ায় সন্ত্রাসবিরোধী অভিযানকে গুরুত্ব দেওয়া হবে।

ন্যাটোর পাল্টা সংগঠন এসসিও

জোটভুক্ত দেশগুলোর পারস্পরিক সামরিক সহযোগিতার বিষয়ে অঙ্গীকারবদ্ধ ন্যাটো। আটলান্টিক মহাসাগরের দুই পারে অবস্থিত যুক্তরাষ্ট্র ও কানাডা এবং ইউরোপের বেশির ভাগ দেশ এই জোটের সদস্য। এ ছাড়া তুরস্কও এই জোটের সদস্য। ন্যাটোর বর্তমান সদস্য দেশের সংখ্যা ২৯। ন্যাটোর সম্মিলিত সামরিক বাহিনীর খরচ বিশ্বের সব দেশের সামরিক খরচের প্রায় ৭০ শতাংশ।

পশ্চিমা বিশ্লেষকরা মনে করেন, এসসিও গঠনের মূল কারণ যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন ন্যাটোর বিকল্প জোট সৃষ্টি। বিশেষ করে চীন বা রাশিয়া সীমান্তে যুক্তরাষ্ট্র যেন কোনো অভিযান চালাতে না পারে তা নিশ্চিত করতে প্রধানত এই দুটি দেশের উদ্যোগে সংস্থাটি গঠন করা হয়। তবে বর্তমান পরিস্থিতিতে ন্যাটোর সঙ্গে টক্কর দিতে পারবে না এসসিও। সাংগঠনিক ও আর্থিকভাবে এসসিওর দুর্বলতা রয়ে গেছে। সদস্য দেশগুলোর মধ্যে জাতীয় স্বার্থ নিয়েও রয়েছে বিভাজন। এসব দূর করতে পারলে ন্যাটোর সঙ্গে টেক্কা দিতে পারবে এসসিও।

২৯ এপ্রিল। জাতীয়

–দেশে প্রায় চার কোটি মানুষ এখনো পর্যাপ্ত পুষ্টিকর খাবার পায় না, অপুষ্টিতে ভোগে ৩৬ লাখ শিশু। পর্যাপ্ত খাবার কিনতে দৈনিক প্রয়োজনীয় আয় করতে পারে না প্রায় দুই কোটি ৮০ লাখ মানুষ। খাদ্য নিরাপত্তা নেটওয়ার্কের তথ্য।

আন্তর্জাতিক

–গ্রেট ব্যারিয়ার রিফ বাঁচাতে তিন হাজার ৩৭৯ মিলিয়ন ডলার (১৪৪ কোটি টাকা) ব্যয় করার সিদ্ধান্ত অস্ট্রেলিয়া সরকারের। ১৯৮১ সালে গ্রেট ব্যারিয়ার রিফকে বিশ্ব ঐতিহ্য ঘোষণা করে ইউনেসকো।

৩০ এপ্রিল। জাতীয়

–১২ জেলার ২৫টি সংসদীয় আসনের সীমানা পুনর্নির্ধারণ করল নির্বাচন কমিশন। আসনগুলো হচ্ছে–নীলফামারী ৩ ও ৪, রংপুর ১ ও ৩, কুড়িগ্রাম ৩ ও ৪, সিরাজগঞ্জ ১ ও ২, খুলনা ৩ ও ৪, জামালপুর ৪ ও ৫, নারায়ণগঞ্জ ৪ ও ৫, সিলেট ২ ও ৩, মৌলভীবাজার ২ ও ৪, ব্রাহ্মণবাড়িয়া ৫ ও ৬, কুমিল্লা ৬, ৯ ও ১০ এবং নোয়াখালী ৪ ও ৫।

আন্তর্জাতিক

–প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশনের (পিএলও) পার্লামেন্টে অধিবেশন আহ্বান করেছেন প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস। কয়েক দশক পর এই অধিবেশন হতে যাচ্ছে।

–সিরিয়ার সামরিক স্থাপনায় ক্ষেপণাস্ত্র হামলায় নিহত ২৬, আহত অন্তত ৬০ জন।

১ মে। জাতীয়

–চলতি অর্থবছরের ৯ মাসে (জুলাই-মার্চ) সব ধরনের সঞ্চয়পত্রসহ জাতীয় সঞ্চয় স্কিমগুলোতে নিট ঋণ এসেছে ৩৬ হাজার ৭০৯ কোটি টাকা। শুধু মার্চ মাসে এসেছে তিন হাজার ৫৮৯ কোটি টাকা।

আন্তর্জাতিক

–ধূসর হয়ে যাচ্ছে সাদা মার্বেল পাথরে তৈরি তাজমহলের রং, ভারতের সুপ্রিম কোর্টের উদ্বেগ।

–আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) প্রতিবেদন অনুযায়ী, উদীয়মান ও উন্নয়নশীল দেশগুলোতে দারিদ্র্যসীমার নিচে বসবাস করে ৭০ কোটিরও বেশি শ্রমিক।

২ মে। জাতীয়

–টেস্ট র‍্যাংকিংয়ে ওয়েস্ট ইন্ডিজকে পেছনে ফেলে আট নম্বরে বাংলাদেশ। ওয়ানডে র‍্যাংকিংয়ে অবস্থান সাত নম্বরে থাকলেও রেটিং পয়েন্ট ৯০ থেকে বেড়ে হয়েছে ৯৩। আট নম্বরে থাকা শ্রীলঙ্কার রেটিং পয়েন্ট ৭৭।

–বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডাব্লিউএইচও) প্রতিবেদন অনুযায়ী, বিশ্বের সবচেয়ে দূষিত বায়ুর শহরের তালিকায় ঢাকার অবস্থান তৃতীয়। শীর্ষে আছে ভারতের রাজধানী নয়াদিল্লি, দ্বিতীয় স্থানে মিসরের কায়রো।



আন্তর্জাতিক

–ফেসবুক ব্যবহারকারীদের তথ্য অপব্যবহারের অভিযোগে তুমুল সমালোচনার মুখে পড়া রাজনৈতিক পরামর্শক প্রতিষ্ঠান কেমব্রিজ অ্যানালিটিকা ও এর ব্রিটিশ অভিভাবক কম্পানি এসসিএল ইলেকশন্স লিমিটেডের কার্যক্রম বন্ধের ঘোষণা।

–উত্তর কোরিয়ার সঙ্গে শান্তিচুক্তি সই হলেও দক্ষিণ কোরিয়ায় মার্কিন সেনা থাকবে বলে জানালেন দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট মুন জায়ে ইন।

–সুইডেনভিত্তিক গবেষণাপ্রতিষ্ঠান স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউট প্রকাশিত গবেষণা প্রতিবেদনের তথ্য মতে, স্নায়ুযুদ্ধের পর থেকে বিশ্বে সবচেয়ে বেশি সামরিক ব্যয় হয়েছে ২০১৭ সালে, যার পরিমাণ ১.৭৩৯ ট্রিলিয়ন ডলার। সামরিক ব্যয় বাড়িয়েছে যুক্তরাষ্ট্র, চীন, সৌদি আরবসহ অনেক দেশ।

–নাইজেরিয়ার উত্তর-পূর্বাঞ্চলে দুটি পৃথক আত্মঘাতী বোমা হামলায় ৬০ জনের বেশি নিহত।

–ভারতের উত্তরাঞ্চলীয় রাজ্য রাজস্থান, উত্তর প্রদেশ ও উত্তরাখণ্ডে শক্তিশালী ধূলিঝড়, ব্যাপক ঝড়বৃষ্টি ও বজ্রপাতে ১১৬ জনের মৃত্যু, আহতের সংখ্যা আড়াই শতাধিক।

৩ মে। জাতীয়

–২৫ শতাংশ শেয়ার ক্রয়ের মাধ্যমে ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) কৌশলগত অংশীদার হলো চীনের শেনজেন স্টক এক্সচেঞ্জ ও সাংহাই স্টক এক্সচেঞ্জ। দুই প্রতিষ্ঠান ডিএসইতে বিনিয়োগের পাশাপাশি পুঁজিবাজার উন্নয়নে ৩৭ মিলিয়ন ডলার আর্থিক সহায়তা দেবে।

–২০১৭-১৮ অর্থবছরের প্রথম ১০ মাসে (জুলাই-এপ্রিল) এক হাজার ২০৮ কোটি ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন প্রবাসীরা, যা গত অর্থবছরের একই সময়ে আসা রেমিট্যান্সের তুলনায় ১৭.৫০ শতাংশ বেশি।

আন্তর্জাতিক

–অর্থনৈতিক সংকটের কারণে ১৩টি দেশের কূটনৈতিক মিশন বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত সুদানের প্রেসিডেন্ট ওমর আল বশিরের।

–থাইল্যান্ডকে ছাড়িয়ে চলতি বছর বিশ্বের সবচেয়ে বড় চাল রপ্তানিকারক দেশ ভারত। ২০১৭-১৮ অর্থবছরে দেশটির চাল রপ্তানি আগের বছরের তুলনায় ১৮ শতাংশ বেড়ে হয়েছে রেকর্ড ১২.৭ মিলিয়ন টন।

–২০০১ সালের ১১ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কের ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে বিমান হামলায় ক্ষতিগ্রস্তদের ৬০০ কোটি ডলার ক্ষতিপূরণ দিতে হবে ইরানকে, নিউ ইয়র্কের সাউদার্ন ডিস্ট্রিক্ট কোর্টের বিচারক জর্জ বি ড্যানিয়েলের রায়। বিমান হামলায় প্রায় তিন হাজার মানুষের মৃত্যু হয়েছিল।

৪ মে। আন্তর্জাতিক

–চলতি বছর সাহিত্যে নোবেল পুরস্কার ঘোষণা না করার সিদ্ধান্ত সুইডিশ একাডেমির। যৌন নিপীড়ন ও হয়রানির অভিযোগ তদন্ত নিয়ে বেকায়দায় পড়ায় এ ঘোষণা। এর আগে আরো সাতবার সাহিত্যে নোবেল স্থগিত করেছিল সুইডিশ একাডেমি।

৫ মে। জাতীয়

–বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে দুই দিনব্যাপী ওআইসির ৪৫তম পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের সভা শুরু।

আন্তর্জাতিক

–আটলান্টিক মহাসাগরে দ্বিতীয় নৌবহর পুনঃপ্রতিষ্ঠা করল যুক্তরাষ্ট্রের নৌবাহিনী।

–হন্ডুরাসের অর্ধলক্ষাধিক মানুষকে আশ্রয় দেওয়ার প্রকল্পের সমাপ্তি ঘোষণা করল যুক্তরাষ্ট্র। ২০২০ সালের ৫ জানুয়ারির মধ্যে হন্ডুরাসের প্রায় ৫৭ হাজার মানুষকে যুক্তরাষ্ট্র ছাড়তে হবে।

কর্ম খালি

■ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ

পদ ও যোগ্যতা : সিনিয়র সায়েন্টিফিক অফিসার, ২টি। ভূতত্ত্ব/ভূতত্ত্ব ও খনিবিদ্যায় এমএসসি। গবেষণা কাজে ৩ বছরের অভিজ্ঞতা।
বয়সসীমা : সর্বনিম্ন ৩২ বছর।
বেতন : ৫১২০০ টাকা।
পদ ও যোগ্যতা : সায়েন্টিফিক অফিসার, ২টি। ভূতত্ত্ব/ভূতত্ত্ব ও খনিবিদ্যা/ পরিবেশবিজ্ঞানে এমএসসি।
বেতন : ৩২৩০০ টাকা।
পদ ও যোগ্যতা : সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, ১টি। বাণিজ্যে বিকম। কম্পিউটারে এমএস ওয়ার্ড বাংলা ও ইংরেজিতে কাজের দক্ষতা অগ্রাধিকার পাবে।
বেতন : ২৪৭০০ টাকা।
আবেদনের শেষ তারিখ : ২০ মে।
যোগাযোগ : পরিচালক, বিসিএসআইআরয়ের আইএমএমএময়ে একটি খনিজ প্রক্রিয়াকরণ কেন্দ্র প্রতিষ্ঠাকরণ শীর্ষক উন্নয়ন প্রকল্প, বিসিএসআইআর, সায়েন্স ল্যাবরেটরি রোড, খনজনপুর, জয়পুরহাট-৫৯০০।
ওয়েব : www.bacsir.gov.bd
সূত্র : বাংলাদেশ প্রতিদিন, ২১ এপ্রিল, পৃষ্ঠা-১১

■ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

পদ ও যোগ্যতা : সহকারী কিউরেটর, ১টি। পদার্থ, ফলিত পদার্থ, কম্পিউটার, ফলিত রসায়ন, উদ্ভিদ বা প্রাণিবিজ্ঞানে ন্যূনতম দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর অথবা যান্ত্রিক, বৈদ্যুতিক বা কম্পিউটার প্রকৌশলে দ্বিতীয় শ্রেণির স্নাতক।
বেতনক্রম : ২২০০০-৫৩০৬০ টাকা।
আবেদনের শেষ তারিখ : ২০ মে।
যোগাযোগ : মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।
সূত্র : সমকাল, ২১ এপ্রিল, পৃষ্ঠা-২

■ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পদ : সহযোগী অধ্যাপক, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং, ১টি। ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, ১টি।
বেতনক্রম : ৫০০০০-৭১২০০ টাকা।
পদ : সহকারী অধ্যাপক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ১টি। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ৩টি। ইলেকট্রনিকস অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ২টি। টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ২টি। নির্বাহী প্রকৌশলী, পুর, ১টি।
বেতনক্রম : ৩৫৫০০-৬৭০১০ টাকা।
পদ : সহকারী প্রগ্রামার, ১টি।
বেতনক্রম : ২২০০০-৫৩০৬০ টাকা।
পদ : সেকশন অফিসার, ২টি।
বেতনক্রম : ১৬০০০-৩৮৬৪০ টাকা।
আবেদনের শেষ তারিখ : ১৩ মে।
যোগাযোগ : রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা।
সূত্র : জনকণ্ঠ, ২৪ এপ্রিল, পৃষ্ঠা ৬

■ ঢাকা বিশ্ববিদ্যালয়

পদ ও যোগ্যতা : হোমিও মেডিক্যাল অফিসার, ৩টি। বিএইচএমএস। স্বাস্থ্য অধিদপ্তরের রেজিস্ট্রেশনপ্রাপ্ত। চিকিৎসাকেন্দ্র বা সমজাতীয় প্রতিষ্ঠানে ৩ বছর কাজের অভিজ্ঞতা। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ/গ্রেড/সমমান গ্রহণযোগ্য নয়।
বেতনক্রম : ৩৫৫০০-৬৭০১০ টাকা।
পদ ও যোগ্যতা : হোমিও সহকারী মেডিক্যাল অফিসার, ১টি। স্নাতক। ডিএইচএমএস। বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড থেকে রেজিস্ট্রেশনপ্রাপ্ত।
বেতনক্রম : ১৬০০০-৩৮৬৪০ টাকা।
আবেদনের শেষ তারিখ : ২৪ মে।
যোগাযোগ : রেজিস্ট্রার, কক্ষ-২০৩, ঢাকা বিশ্ববিদ্যালয়।
সূত্র : প্রথম আলো, ২৮ এপ্রিল, পৃষ্ঠা ৬

■ বাংলাদেশ চা বোর্ড

পদ ও যোগ্যতা : খণ্ডকালীন চিকিৎসক। এমবিবিএস।
বেতন : ৩০০০০ টাকা।
বয়সসীমা : অনূর্ধ্ব ৩০ বছর।
আবেদনের শেষ তারিখ : ২২ মে।
যোগাযোগ : সচিব, বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, ১৭১-১৭২ বায়েজিদ বোস্তামি রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।
সূত্র : সমকাল, ২৩ এপ্রিল, পৃষ্ঠা ৬
পদ ও যোগ্যতা : ব্যবস্থাপক। স্নাতক। বিএসসি (সম্মান)। উদ্ভিদবিজ্ঞান, কৃষিতত্ত্ব, মৃত্তিকাবিজ্ঞান, ফরেস্ট্রিতে এমএসসি অগ্রাধিকারযোগ্য।
বেতনক্রম : ৩৫৫০০-৬৭০১০ টাকা।
আবেদনের শেষ তারিখ : ১৫ মে।
যোগাযোগ : চা বাগান ব্যবস্থাপনা কোষ, প্রধান কার্যালয়, ১৭১-১৭২ বায়েজিদ বোস্তামি রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।
সূত্র : কালের কণ্ঠ, ২৭ এপ্রিল, পৃষ্ঠা-৪

■ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পদ ও যোগ্যতা : ডকুমেন্টেশন অফিসার, ১টি। লাইব্রেরি সায়েন্সে স্নাতকসহ স্নাতকোত্তর। সব পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা জিপিএ ২.৭৫। পেশাগত প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। নিরাপত্তা কর্মকর্তা, ১টি। স্নাতকোত্তর। সব পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা জিপিএ ২.৭৫। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা। প্রতিরক্ষা, সামরিক ও আধাসামরিক বাহিনীতে কর্মরত বা অবসরপ্রাপ্ত সুবেদার মেজর/ফ্লাইট সার্জেন্ট/ওয়ারেন্ট অফিসারদের ক্ষেত্রে শর্ত শিথিলযোগ্য।
বেতনক্রম : ২২০০০-৫৩০৬০ টাকা।
পদ ও যোগ্যতা : নার্স, ১টি। নার্সিংয়ে ডিপ্লোমা। স্নাতক অগ্রাধিকার। নার্সিংয়ের কাজে ২ বছরের অভিজ্ঞতা।
বেতনক্রম : ১১০০০-২৬৫৯০ টাকা।
পদ ও যোগ্যতা : সেমিনার লাইব্রেরি অ্যাসিস্ট্যান্ট, ১টি। এইচএসসি বা সমমানসহ সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা।
বেতনক্রম : ৯৩০০-২২৪৯০ টাকা।
পদ ও যোগ্যতা : ফটোকপি মেশিন অপারেটর, ১টি। এসএসসি। কারিগরি শিক্ষা বোর্ড থেকে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা। লাইব্রেরি অ্যাটেনডেন্ট, ২টি। সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স।
বেতনক্রম : ৯০০০-২১৮০০ টাকা।
আবেদনের শেষ তারিখ : ১৪ মে।
যোগাযোগ : রেজিস্ট্রার, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী।
ওয়েব : www.nstu.edu.bd
সূত্র : আমাদের সময়, ২৪ এপ্রিল, পৃষ্ঠা ৯

■ রাজশাহী বিশ্ববিদ্যালয়

পদ ও যোগ্যতা : প্রভাষক, রবীন্দ্রসংগীত, ১টি। লোকসংগীত, ১টি। সংগীত, ১টি। এসএসসি ও এইচএসসির একটিতে প্রথম বিভাগ বা শ্রেণি ও অন্যটিতে দ্বিতীয় বিভাগ বা শ্রেণি। স্নাতক ও স্নাতকোত্তর। স্নাতক ও স্নাতকোত্তরের যেকোনো একটিতে প্রথম বিভাগ বা শ্রেণি এবং অন্যটিতে দ্বিতীয় বিভাগ বা শ্রেণি।
বেতনক্রম : ২২০০০-৫৩০৬০ টাকা।
আবেদনের শেষ তারিখ : ১৭ মে।
যোগাযোগ : রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
সূত্র : সমকাল, ২৮ এপ্রিল, পৃষ্ঠা ৭

■ কোল পাওয়ার জেনারেশন

পদ ও যোগ্যতা : ম্যানেজিং ডিরেক্টর, ১টি। ইলেকট্রিক্যাল/ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বিএসসি অথবা ফিন্যান্স/ম্যানেজমেন্টে স্নাতকোত্তর। ২৫ বছরের অভিজ্ঞতা।
বয়সসীমা : সর্বোচ্চ ৬০ বছর।
বেতন : ১৭৫০০০ টাকা।
পদ ও যোগ্যতা : চিফ ইঞ্জিনিয়ার, ১টি। ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বিএসসি। সহকারী ইঞ্জিনিয়ার হিসেবে ১৫ বছরের অভিজ্ঞতা।
বয়সসীমা : সর্বোচ্চ ৫৭ বছর।
বেতন : ১২২০০০ টাকা।
আবেদনের শেষ তারিখ : ১৪ মে।
যোগাযোগ : কম্পানি সেক্রেটারি, কোল পাওয়ার জেনারেশন কম্পানি বাংলাদেশ লিমিটেড, ইউনিক হাইট, লেভেল-১৭, ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১২১৭।
সূত্র : যুগান্তর, ২৪ এপ্রিল, পৃষ্ঠা ৬

■ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স

পদ ও যোগ্যতা : ম্যানেজার, ইনফরমেশন টেকনোলজি, ১টি। কম্পিউটার সায়েন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অথবা ইনফরমেশন টেকনোলজিতে স্নাতক। ন্যূনতম ২টি প্রথম শ্রেণি বা সমমান। স্নাতকোত্তর অগ্রাধিকার। কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য নয়। ম্যানেজার, সফটওয়্যার অ্যান্ড প্রগ্রামিং, ১টি। কম্পিউটার সায়েন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অথবা ইলেকট্রিক্যাল অথবা ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। কম্পিউটার সায়েন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অথবা ইনফরমেশন টেকনোলজিতে স্নাতক।
বয়সসীমা : ৩৫ থেকে ৪৫ বছর।
বেতনক্রম : ৫০০০০-১২০০০০ টাকা।
আবেদনের শেষ তারিখ : ২০ মে।
যোগাযোগ : মানবসম্পদ বিভাগ, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, হেড অফিস, বালাকা, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
সূত্র : ডেইলি স্টার, ২৭ এপ্রিল, পৃষ্ঠা ৫

■ চট্টগ্রাম সিটি করপোরেশন

পদ : প্রধান শিক্ষক, পাথরঘাটা মেনকা সিটি করপোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, ১টি। কৃষ্ণকুমারী সিটি করপোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, ১টি। গুলএজার বেগম সিটি করপোরেশন মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয়, ১টি। লামাবাজার এএএস সিটি করপোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, ১টি। চরচাক্তাই সিটি করপোরেশন উচ্চ বিদ্যালয়, ১টি।
বেতনক্রম : ২৯০০০-৬৩৪১০ টাকা।
পদ : সহকারী প্রধান শিক্ষক, গুলএজার বেগম সিটি করপোরেশন মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয়, ১টি।
বেতনক্রম : ২৩০০০-৫৫৪১০ টাকা।
আবেদনের শেষ তারিখ : ১৬ মে।
যোগাযোগ : সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, বান্ডেল রোড, পাথরঘাটা, কোতোয়ালি, চট্টগ্রাম।
সূত্র : কালের কণ্ঠ, ৩ মে, পৃষ্ঠা ১৩

▷ তাহ্‌সীন উদ্দীন

ওয়েবে চাকরি

■ ট্রাস্ট ব্যাংক

পদ ও যোগ্যতা : ম্যানেজমেন্ট ট্রেইনি অফিসার। চার বছর মেয়াদি স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি। এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৫ স্কেলে ৫, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে সিজিপিএ ৪ স্কেলে ৩ থাকতে হবে।
কর্মস্থল : দেশের যেকোনো স্থান।
বেতন : ৪৫ হাজার টাকা।
আবেদনের নিয়ম : অনলাইনে বিডি জবসের মাধ্যমে।
আবেদনের শেষ তারিখ : ১২ মে।
ওয়েব : www.tblbd.com

■ ব্যাংক এশিয়া

পদ ও যোগ্যতা : মনিটরিং অ্যান্ড কমপ্লায়েন্স অফিসার। স্নাতকোত্তর বা এমবিএ। ৩ থেকে ১২ বছরের অভিজ্ঞতা।
পদ ও যোগ্যতা : ক্রেডিট অ্যানালিস্ট-কনজুমার লোন, রিটেইল ক্রেডিট। স্নাতকোত্তর বা এমবিএ। ২ থেকে ৪ বছরের অভিজ্ঞতা।
পদ ও যোগ্যতা : ডকুমেন্টেশন অফিসার। স্নাতকোত্তর বা এমবিএ। ৩ থেকে ১২ বছরের অভিজ্ঞতা।
কর্মস্থল : দেশের যেকোনো স্থান।
বেতন : প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী।
আবেদনের নিয়ম : ব্যাংক এশিয়ার ওয়েবসাইটের মাধ্যমে।
আবেদনের শেষ তারিখ : ক্রেডিট অ্যানালিস্ট পদে ১৫ মে, ডকুমেন্টেশন অফিসার এবং মনিটরিং অ্যান্ড কমপ্লায়েন্স অফিসার পদে ১৭ মে।
ওয়েব : www.bankasia-bd.com

■ স্কয়ার ডেনিমস

পদ ও যোগ্যতা : অপারেশন কো-অর্ডিনেটর। এমবিএ ইন ফিন্যান্স বা সিএ/সিএমএ (কোয়ালিফাইড) বা বিএসসি-ইন-মেকানিক্যাল/ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং।
কর্মস্থল : গাজীপুর, ময়মনসিংহ (ভালুকা) এবং হবিগঞ্জ।
বেতন : প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী।
আবেদনের নিয়ম : দুই কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সিভি পাঠাতে হবে 'অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, হিউম্যান রিসোর্স অ্যান্ড অ্যাডমিন ডিপার্টমেন্ট, স্কয়ার টেক্সটাইলস ডিভিশন, হেড অফিস, মাসকট প্লাজা (১০-১২ তলা), সেক্টর-৭, উত্তরা, ঢাকা-১২৩০' ঠিকানায়। অথবা ই-মেইল করতে হবে career.stxl@squaregroup.com ঠিকানায়।
আবেদনের শেষ তারিখ : ১৫ মে
ওয়েব : www.squaregroup.com

■ নাভানা রিয়েল এস্টেট

পদ ও যোগ্যতা : অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/সিনিয়র এক্সিকিউটিভ (পেরোল)। এমবিএ (এইচআরএম) বা যেকোনো বিষয়ে মাস্টার্স ডিগ্রি। ৫ থেকে ৮ বছরের অভিজ্ঞতা।
কর্মস্থল : ঢাকা (গুলশান)।
বেতন : আলোচনা সাপেক্ষে।
আবেদনের নিয়ম : অনলাইনে বিডি জবসের মাধ্যমে।
আবেদনের শেষ তারিখ : ১২ মে।
ওয়েব : www.navana-realestate.com

■ আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ (এআইইউবি)

পদ ও যোগ্যতা : অফিসার (ট্রান্সপোর্ট)। পোস্ট গ্র্যাজুয়েট। ২ থেকে ৩ বছরের অভিজ্ঞতা।
পদ ও যোগ্যতা : অ্যাসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অটোমোবাইল)। ডিপ্লোমা ইঞ্জিনিয়ার। ৭ থেকে ১০ বছরের অভিজ্ঞতা।
কর্মস্থল : ঢাকা।
বেতন : প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী।
আবেদনের নিয়ম : সিভি, আবেদনপত্র এবং সব সনদপত্রের সত্যায়িত ফটোকপিসহ আবেদনপত্র পাঠাতে হবে 'ভাইস প্রেসিডেন্ট, হিউম্যান রিসোর্সেস' বরাবর। অথবা ই-মেইল করতে হবে hr@aiub.edu ঠিকানায়।
আবেদনের শেষ তারিখ : ১২ মে।
ওয়েব : www.aiub.edu

■ ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)

পদ ও যোগ্যতা : প্রকল্প হিসাবরক্ষক। বাণিজ্যে স্নাতক। ১ থেকে ২ বছরের অভিজ্ঞতা।
কর্মস্থল : ঢাকা।
বেতন : আলোচনা সাপেক্ষে।
আবেদনের নিয়ম : আবেদনপত্র পাঠাতে হবে 'মহাসচিব, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ঢাকা চেম্বার ভবন, ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা ১০০০' ঠিকানায়।
আবেদনের শেষ তারিখ : ১৭ মে।
ওয়েব : www.dhakachamber.com

■ রয়েল টিউলিপ সি পার্ল বিচ রিসোর্ট অ্যান্ড স্পা

পদ ও যোগ্যতা : অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার-অটোমোবাইল। বিএসসি ইন অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং। কমপক্ষে ৪ বছরের অভিজ্ঞতা।
কর্মস্থল : কক্সবাজার।
বেতন : আলোচনা সাপেক্ষে।
আবেদনের নিয়ম : অনলাইনে বিডি জবসের মাধ্যমে।
আবেদনের শেষ তারিখ : ১২ মে।
ওয়েব : www.seapearlbd.com

▷ আহমদ শুভ

আরো চাকরির বিজ্ঞপ্তি
আমাদের ফেসবুক পেজে
লাইক দিয়ে যুক্ত থাকুন

ফেসবুক পেজ : www.facebook.com/chakriache
ফেসবুক গ্রুপ : www.facebook.com/groups/chakriache

রমজানে রোজগার

রমজান এসে গেল। এই এক মাসে ছোটখাটো ব্যবসা করে আয় করা যায়। লিখেছেন **সানজিদ সাদ**

ইফতারি চলে বেশ। পাড়ার অলিগলিতেও এ ব্যবসা করা যায়। বাসা ও অফিসে সাহরি ও ইফতারি হোম ডেলিভারিও হতে পারে ব্যবসা। টুপি, তসবি, জায়নামাজ, আতরের ব্যবসাও বেশ জমজমাট।

ইফতারি

রমজানের অন্যতম প্রধান অনুষঙ্গ ইফতারি। অল্প পুঁজিতেই এক মাসের জন্য শুরু করতে পারেন ইফতারির ব্যবসা। মহাখালীর টিবিগেটের বিসমিল্লাহ ক্যাটারিংয়ের ব্যবস্থাপক মো. জাহিদ হাসান জানান, ৬০ টাকার প্যাকেজে ইফতারি সরবরাহ করেন তাঁরা। মেন্যুতে থাকে ১ পিস করে পিঁয়াজু, বেগুনি, আলুর চপ, জিলাপি, চিকেন জালি কাবাব, চিকেন রোল, ডিমচপ, মুড়ি ৫০ গ্রাম, ছোলা ১০০ গ্রাম, খুরমা খেজুর তিন পিস, শসা ও একটি ফল। কমপক্ষে ২০ জন হলেই অফিস কিংবা বাসাবাড়িতে ইফতারি সরবরাহ করে প্রতিষ্ঠানটি। আপনিও এ রকম প্যাকেজ সাজাতে পারেন। এলাকাভিত্তিক অস্থায়ী দোকান দিয়ে বসলে অবশ্য আইটেম অনুসারে দাম নির্ধারণ করতে হবে। এমন জায়গা বেছে নেওয়া উচিত, যেখানে প্রচুর জনসমাগম হয়। প্রাথমিক অবস্থায় ১০ হাজার টাকার কাঁচামাল হলেই চলবে।

লাগবে যা যা

মো. জাহিদ হাসান জানান, লাগবে সয়াবিন তেল, ছোলা, ডাল, পেঁয়াজ, কাঁচা মরিচ, আলু, বেগুন, বেসন, ময়দা। আইটেম অনুসারে প্রয়োজন হতে পারে ডিম, মুরগি বা গরুর মাংস। সালাদের আইটেমে লাগবে শসা, টমেটো, ধনেপাতা, লেবু, লেটুসপাতা। রান্নার প্রয়োজনীয় সরঞ্জামাদি বাসা থেকেই জোগাড় করতে পারেন। লাগবে চুলা, কেরোসিন, কড়াই, প্লাস্টিকের বোল, ঝুড়ি, বালতি, বঁটি, ছুরি। সাজানোর জন্য প্রয়োজন হবে টেবিল, অ্যালুমিনিয়াম বা মেলামাইনের ডিশ, খাবার ঢেকে রাখার জন্য স্বচ্ছ পলিথিন বা ঢাকনা, বিক্রেতার জন্য হ্যান্ড গ্লাভস। বিক্রির জন্য ঠোঙা, ওয়ানটাইম বক্স, পলিব্যাগ রাখতে পারেন। ইফতারি তৈরির জন্য কমপক্ষে একজন বাবুর্চি লাগবে। দোকানের আকার আর বেচাকেনার ওপর নির্ভর করবে বিক্রেতার সংখ্যা। তবে ছোট আকারে শুরু করলে একজন বিক্রেতা হলেই চলে। মালিবাগ মোড়ে গেলবার ইফতার বিক্রির ব্যবসা করেছেন ইমাম হোসেন। তিনি জানান, কম দামে রান্নার কাঁচামাল কিনতে চাইলে যেতে হবে কারওয়ান বাজার আর পুরান ঢাকার আনন্দ বাজারে। অন্য মালামাল পাবেন চকবাজার, নয়াবাজার, কামরাঙ্গীর চর আর বাবুবাজারে।

খাবার যাবে বাড়ি বাড়ি

হোম ডেলিভারি সার্ভিসের জন্য নির্দিষ্ট ফোন নম্বর, ফেসবুক পেজ বা গ্রুপ এবং ওয়েবসাইট থাকা চাই। এক মাসের জন্য কার্ড বা লিফলেট ছাপাতে পারেন। প্রচার চালাতে পারেন ফেসবুকে। নিজের প্রতিষ্ঠানের নামে ফেসবুক পেজ বা গ্রুপ খুলে পরিচিতজনদের আমন্ত্রণ জানান। সেখানে প্রতিটি আইটেমের ছবি পোস্ট করুন। ছবির একপাশে এবং ক্যাপশনে নাম, দাম ও যোগাযোগের নম্বর উল্লেখ করুন। ফোনে ও ফেসবুকে সব সময় সক্রিয় থেকে ক্রেতাদের প্রশ্নের জবাব দিতে হবে।

সারা শহরে ইফতারি ও সাহরি পৌঁছে দেবেন, নাকি কয়েকটি নির্দিষ্ট এলাকায় সরবরাহ করবেন—তা নির্ধারণ করা জরুরি। সব ধরনের ক্রেতার কথা মাথায় রেখে খাবারের মেন্যু সাজাতে হবে। দেওয়া যেতে পারে প্যাকেজ অফার। গ্রাহকের ঘরে পৌঁছে দেওয়ার জন্য লাগবে ডেলিভারিম্যান। স্বল্প সময়ে যানজট ঠেলে নির্ধারিত ঠিকানায় পৌঁছতে বাইসাইকেল বা মোটরসাইকেলের বিকল্প নেই। নিজের বাহন ও শহরের বিভিন্ন এলাকা সম্পর্কে ভালো ধারণা আছে (মোবাইলে জিপিএস সুবিধাও স্থান খুঁজে পেতে সহায়ক হতে পারে) এবং উদ্যমী তরুণদের প্রাধান্য দেওয়া যেতে পারে।

সময়মতো ডেলিভারি

মো. জাহিদ হাসান জানান, সাহরি ও ইফতারের সময় নির্দিষ্ট। এর আগেই গ্রাহকের ঠিকানায় খাবার পৌঁছে দিতে হবে। অর্ডারের জন্য একটি নির্দিষ্ট সময় বেঁধে রাখুন। নির্ধারিত সময়ের মধ্যে অর্ডার শেষ হলে তা তৈরি বা সংগ্রহ করতে হবে। হাতে পর্যাপ্ত সময় রেখে ডেলিভারির জন্য বেরিয়ে পড়তে হবে। ওয়ানটাইম প্লাস্টিক, কাগজের বক্স, বাটার পেপার বা ফুয়েল পেপার ব্যবহার করতে পারেন। খাবারের প্যাকিং আকর্ষণীয় হতে হবে। ভালো মানের ইফতারি নির্ধারিত সময়ে ডেলিভারি করতে পারলে ক্রেতার সন্তুষ্টি অর্জন করা যাবে।

টুপি-আতরের ব্যবসা

সারা বছরের তুলনায় রমজান মাসে টুপি ও জায়নামাজের বিক্রি বাড়ে। বিভিন্ন মসজিদ, দরগাহ বা বিপণিবিতানের সামনে দিতে পারেন এসব সামগ্রীর ভ্রাম্যমাণ দোকান। মুসল্লিরা টুপি, খুশবু বা আতর, সুরমা, মেসওয়াক ব্যবহার করেন। বিক্রি করতে পারেন তসবি, আগরবাতি, গোলাপজল। সঙ্গে রাখতে পারেন কোরআন শরিফ, হাদিসের কিতাব, নামাজ-রোজার নিয়মসংবলিত কিতাব বা ছোট ছোট পঞ্জিকা। শুরু করতে পারেন পাঁচ হাজার থেকে ১০ হাজার টাকার মধ্যেই। পুঁজি বেশি হলে একসঙ্গে অনেক পণ্য পাইকারি দামে কেনা যায়। সে ক্ষেত্রে দাম কম পড়বে, লাভ হবে বেশি।

পাইকারি কিনবেন কোথায়

নিউ মার্কেটের আতর বিক্রেতা আবদুস সালাম মিয়া জানান, পুরান ঢাকার নবাবপুর, ইসলামপুর, চকবাজারে প্রায় সব পণ্যই পাইকারি পাওয়া যায়। সব পণ্য একসঙ্গে পাবেন চকবাজারে। বিভিন্ন ধর্মীয় কিতাবের জন্য বায়তুল মোকাররম যেতে পারেন। আতরের জন্য মিটফোর্ড রোডে অনেক দোকান রয়েছে। কম দামে টুপি সংগ্রহ করতে চাইলে বগুড়া, সিরাজগঞ্জে টুপির বাজার থেকে পাইকারি কিনতে পারেন। ঢাকার বায়তুল মোকাররমের পাশের মার্কেটে খুচরা দোকানের পাশাপাশি অনেক পাইকারি বিক্রেতাও আছে।



কৃতজ্ঞতা : বিসমিল্লাহ ক্যাটারিং
মডেল : জাহিদ
ছবি : মোহাম্মদ আসাদ



দুই হাজার শিক্ষক নেবে ইসলামিক ফাউন্ডেশন

মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমে সারা দেশে দুই হাজার ২০ জন শিক্ষক নিয়োগ দেবে ইসলামিক ফাউন্ডেশন। আবেদন করা যাবে ১৬ মে পর্যন্ত। বিস্তারিত জানাচ্ছেন আহমদ শুভ

দেশব্যাপী মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করে ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন। প্রকল্পের আওতায় ষষ্ঠ পর্যায়ে ৬৪ জেলার ৫০৫টি উপজেলা বা জোনে শিক্ষক নিয়োগ দেওয়া হবে। এক হাজার ১০টি দারুল আরকাম ইবতেদায়ি মাদরাসায় নিয়োগ পাবেন দুই হাজার ২০ জন শিক্ষক। প্রকল্প চলাকালে ৩১ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত অস্থায়ী ভিত্তিতে এসব নিয়োগ দেওয়া হবে। প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত পাঠদানের জন্য দ্বিনিশিক্ষা-কওমি নেসাবের শিক্ষক পদে নিয়োগ পাবেন এক হাজার ১০ জন। বাকি এক হাজার ১০ জন নিয়োগ পাবেন দ্বিনিশিক্ষা-আলিয়া নেসাবের শিক্ষক পদে। বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ওয়েবসাইটে (www.ifmonshik.gov.bd)।

আবেদনের যোগ্যতা

কওমি নেসাবের প্রার্থীদের কমপক্ষে দাওরায়ে হাদিস পাস হতে হবে। আলিয়া নেসাবের জন্য হতে হবে কমপক্ষে ফাজিল পাস। যাঁরা দাওরা হাদিস বা ফাজিল পরীক্ষায় অংশ নিয়েছেন, তবে ফল প্রকাশ হয়নি তাঁরাও শর্তসাপেক্ষে আবেদনের সুযোগ পাবেন। তবে মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদ দেখাতে হবে। সনদপত্র সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান ও কর্তৃপক্ষের মাধ্যমে যাচাই করা হবে। কওমি নেসাবের প্রার্থীদের ক্ষেত্রে মকবুল বা তৃতীয় শ্রেণি এবং আলিয়া নেসাবের ক্ষেত্রে তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের জিপিএ থাকলে আবেদন করা যাবে না। প্রার্থীকে ইসলামী অনুশাসনের অনুসারী হতে হবে। ১৫ মে ২০১৮ তারিখে বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থীকে দারুল আরকাম ইবতেদায়ি মাদরাসার কারিকুলাম ও পাঠ্যসূচি অনুযায়ী প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত সব বিষয় পাঠদানে সক্ষম হতে হবে। উভয় নেসাবের হাফেজ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। মেধাবী, উচ্চশিক্ষিত, প্রাথমিক শিক্ষা কার্যক্রমের কারিকুলাম অনুযায়ী পাঠদানে সক্ষম, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক, বিদেশ থেকে উচ্চতর ডিগ্রিধারী, দক্ষতাসম্পন্ন ও অভিজ্ঞরা অগ্রাধিকার পাবেন।

পরীক্ষা পদ্ধতি

মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের প্রকল্প পরিচালক ও ইসলামিক ফাউন্ডেশনের যুগ্ম সচিব জুবায়ের আহমদ জানান, শিক্ষক নিয়োগের জন্য প্রার্থীদের ১০০ নম্বরের মধ্যে মূল্যায়ন করা হবে। এর মধ্যে ৭০ নম্বরের লিখিত পরীক্ষা নেওয়া হবে। লিখিত পরীক্ষায় ৬০ নম্বরের এমসিকিউ প্রশ্ন থাকবে। বাকি ১০ নম্বরের জন্য দুটি বড় প্রশ্ন আসবে, প্রতিটির জন্য বরাদ্দ থাকবে পাঁচ নম্বর। একই প্রশ্নে কওমি ও আলিয়া নেসাবের প্রার্থীদের পরীক্ষা হবে। পার্ট এ, বি, সি আকারে প্রশ্ন সাজানো হবে। কওমি নেসাবের প্রার্থীরা কওমি নেসাবের অংশ এবং আলিয়া নেসাবের প্রার্থীরা তাঁদের জন্য নির্ধারিত অংশের প্রশ্নের উত্তর দেবেন। লিখিত পরীক্ষায় পাস করতে হলে অর্ধেক নম্বর অর্থাৎ কমপক্ষে ৩৫ নম্বর পেতে হবে। মূল্যায়নের বাকি ৩০ নম্বরের মধ্যে শিক্ষাগত যোগ্যতার জন্য ১০ নম্বর, ভাষাগত দক্ষতায় পাঁচ নম্বর ও মৌখিক পরীক্ষায় বরাদ্দ থাকবে ১৫ নম্বর। আবেদনপত্র যাচাই-বাছাই শেষে লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময়সূচি প্রার্থীর দেওয়া ফেরত খামের মাধ্যমে ডাকযোগে জানিয়ে দেওয়া হবে।

আবেদন যেভাবে

আবেদন করতে হবে নির্ধারিত ফরমে। ইসলামিক ফাউন্ডেশনের ওয়েবসাইট (www.islamicfoundation.gov.bd) এবং মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা প্রকল্পের ওয়েবসাইটে (www.ifmonshik.gov.bd) ফরম পাওয়া যাবে। ইসলামিক ফাউন্ডেশনের সংশ্লিষ্ট বিভাগীয় বা জেলা কার্যালয় থেকেও আবেদন ফরম সংগ্রহ করা যাবে। আবেদনকারীকে 'প্রকল্প পরিচালক, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (ষষ্ঠ পর্যায়) (প্রথম সংশোধনী)' বরাবর সোনালী ব্যাংকের যেকোনো শাখা থেকে অনলাইনে সোনালী ব্যাংক লিমিটেড, পাবলিক সার্ভিস কমিশন শাখা, ঢাকার অনুকূলে প্রকল্পের নিয়োগ হিসাবে (হিসাব নম্বর ০১১০৭০২০০০৩৩২) ৩০০ টাকা জমা দিতে হবে এবং ব্যাংক কর্মকর্তার সিলমোহর, স্বাক্ষরসহ জমা ভাউচার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আরো লাগবে সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ও চার টাকা মূল্যের ডাকটিকিটযুক্ত যোগাযোগের ঠিকানা লেখাসহ ৯.৫ বাই ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম। আবেদনের সঙ্গে আর কোনো সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে না। মৌখিক পরীক্ষা বা সাক্ষাৎকারের সময় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্য সব সনদের এক সেট সত্যায়িত ফটোকপি এবং আবেদনপত্রে উল্লিখিত সব সনদের মূলকপি সঙ্গে নিতে হবে। সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত শিক্ষাপ্রতিষ্ঠান বা একাধিক প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। পূরণকৃত আবেদনপত্র, ব্যাংকের জমা ভাউচার, ফেরত খাম ও দুই কপি ছবিসহ ডাকযোগে বা সরাসরি পাঠাতে হবে "প্রকল্প পরিচালক, 'মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প', ইসলামিক ফাউন্ডেশন ভবন, প্লট-ই-৪/এ, সিভিক সেন্টর, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭" ঠিকানায়। খামের ওপর পদের নাম, আবেদনকারীর নিজ জেলা, পূর্ণ স্থায়ী ঠিকানা, কোন জেলার কোন উপজেলায় চাকরি করতে ইচ্ছুক স্পষ্ট করে লিখতে হবে। নির্ধারিত ঠিকানায় আবেদনপত্র পৌঁছাতে হবে ১৬ মের মধ্যে।

পরীক্ষার প্রস্তুতি

মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের দ্বিনিশিক্ষার শিক্ষক নিয়োগের আগের ধাপের পরীক্ষা হয়েছে গত বছরের অক্টোবরে। পরীক্ষার প্রশ্নপত্র বিশ্লেষণে দেখা যায়, ধর্মীয় শিক্ষার পাশাপাশি বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞানের প্রশ্ন আসে। তবে ধর্মীয় শিক্ষা অংশ থেকে বেশি প্রশ্ন করা হয়। লিখিত পরীক্ষায় ভালো করতে হলে প্রার্থীর আগের পড়া বিষয়ের সিলেবাসের বিষয়গুলোতে জ্ঞান থাকতে হবে। আলিয়া নেসাবের শিক্ষার্থীদের মাদরাসা শিক্ষা বোর্ড প্রণীত প্রথম থেকে দশম শ্রেণির পাঠ্যপুস্তকের মৌলিক বিষয়গুলো ভালোভাবে আয়ত্তে থাকতে হবে। আরবি ব্যাকরণ, শব্দার্থ, বিভিন্ন নিয়ম-কানুন বিষয়ে জোর দিতে হবে। সঙ্গে বাংলা ও ইংরেজি ব্যাকরণ, গণিতের সূত্র এবং নিয়মাবলি দেখতে হবে। কওমি নেসাবের শিক্ষার্থীদের জন্য বাংলাদেশ কওমি মাদরাসার নিয়ন্ত্রক বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশের নির্ধারিত কিতাবগুলোতে দখল থাকতে হবে। কোরআন ও হাদিস, সিহাহ সিত্তাহর কিতাব, বিভিন্ন আইনশাস্ত্র, চিকিৎসাবিজ্ঞান, ইসলামী বিধিবিধান সম্পর্কে পড়তে হবে। সাধারণ জ্ঞানের জন্য বাংলাদেশ ও বিশ্বের বিভিন্ন ইসলামিক স্থাপনা, মুসলিম রাষ্ট্র, রাষ্ট্রপ্রধান, আইন-কানুন এবং সাম্প্রতিক ঘটনাবলি জানতে হবে। ইসলামিক ফাউন্ডেশনের বিগত বিভিন্ন নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র লিখিত ও মৌখিক পরীক্ষার প্রস্তুতিতে সহায়ক হবে।

বেতন-ভাতা

নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের মাসিক সম্মানীভাতা হিসেবে ১১৩০০ টাকা ও বছরে দুটি ইনসেনটিভ ভাতা দেওয়া হবে।

৩৯তম স্পেশাল বিসিএস বিশেষ ধারাবাহিক

মেডিক্যাল সায়েন্সে ভালো করতে হলে

দ্বিতীয় কিস্তি

৩৯তম বিসিএস পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এবার হবে স্পেশাল বিসিএস। নেওয়া হবে ৪৭৯২ জন চিকিৎসক। এমসিকিউ টাইপের লিখিত পরীক্ষার প্রস্তুতি নিয়ে তিন পর্বের ধারাবাহিকের দ্বিতীয় পর্বে মেডিক্যাল সায়েন্স। লিখেছেন ৩৩তম বিসিএসে স্বাস্থ্য ক্যাডারে প্রথম ডা. মো. রায়হান আলী মোল্লা

চিকিৎসকদের জন্য একটি বড় সুযোগ ৩৯তম স্পেশাল বিসিএস। হাতে সময় আছে প্রায় দুই মাস। তাই এখন থেকেই জোর প্রস্তুতি নিতে হবে। একটু কৌশল অবলম্বন করে প্রস্তুতি নিলে আপনিও হতে পারেন ৪৭৯২ ভাগ্যবানের একজন। পরীক্ষায় ভালো করতে হলে সিলেবাস অনুসারে প্রস্তুতি নিতে হবে।

■ ১০০ নম্বর, ৪ পার্ট

১০০ নম্বরের মেডিক্যাল সায়েন্সে চারটি পার্ট। অ্যানাটমি, ফিজিওলজি, প্যাথলজি ও মেডিসিনে ২৫ নম্বর করে বরাদ্দ। দেখা যাচ্ছে, বেসিক সাবজেক্টে ৭৫ শতাংশ নম্বর নির্ধারিত। এমবিবিএসের সিলেবাসের সঙ্গে স্পেশাল বিসিএসের মেডিক্যাল সায়েন্সের সিলেবাসের অনেক মিল। একজন এমবিবিএস ডিগ্রিধারী মাত্রই এ সিলেবাস সম্পর্কে যথেষ্ট জ্ঞান রাখেন। বেসিক সাবজেক্টগুলো এমবিবিএসের প্রথম ও দ্বিতীয় প্রফেশনাল পরীক্ষার সিলেবাস। তাই ভয় পাওয়ার কিছু নেই। এই বিষয়গুলোতে ভালো নম্বর পেতে হলে সময় ভাগ করে নিয়ে প্রস্তুতি নিতে হবে।

■ পড়তে হবে টেক্সট বই

পরীক্ষায় ভালো করতে হলে টপিকগুলোতে ক্লিয়ার কনসেপ্ট থাকতে হবে। এর জন্য পড়তে হবে টেক্সট বই। টেক্সট বইয়ের এ-টু-জেড না পড়ে সিলেবাসের টপিক অনুযায়ী প্রস্তুতি নিলেই চলে। বাজারে অনেক সহায়ক বই পাওয়া যায়। এ ক্ষেত্রে এফসিপিএস পরীক্ষার বিগত প্রশ্ন, এমআরসিপি, এমআরসিএস, ইউএসএমএলই—এসব পরীক্ষার প্রশ্নসংবলিত বইগুলো দেখতে পারেন। নতুন করে কিছু পড়তে হবে না। খানিকটা কৌশলী হয়ে পুরনো পড়াই রিভিশন দিতে হবে। খেয়াল রাখতে হবে যেন সিলেবাসের কোনো টপিক বাদ না পড়ে। সাধারণ বিসিএসের স্বাস্থ্য ক্যাডারের সঙ্গে এই স্পেশাল বিসিএসের মেডিক্যাল সায়েন্স অংশের সিলেবাসের কোনো পার্থক্য নেই। পার্থক্য প্রশ্নের ধরনে। আগে ছিল লিখিত টাইপ প্রশ্ন এবং তা ছিল দুই পেপারে বিভক্ত। আর এখন ১০০ নম্বরের এমসিকিউ টাইপ। তা-ও আবার সিঙ্গেল বেস্ট। সুতরাং প্রস্তুতি হতে হবে নিখুঁত।

■ বিষয়ভিত্তিক প্রস্তুতি

দুবার এফসিপিএস পার্ট-১ পরীক্ষায় অংশ নিয়েছি। একবার সার্জারিতে, আরেকবার অর্থোপেডিকসে। দুবারই সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হয়েছি। মেডিক্যাল সায়েন্সের বিষয়গুলোতে নিয়মিত চর্চা থাকায় বিসিএসেও সফল হয়েছি। এসব বলার উদ্দেশ্য, আমাকে প্রতিবারই অ্যানাটমি, ফিজিওলজি, প্যাথলজি পড়তে হয়েছে। সব সময় কিছু নির্দিষ্ট বই অনুসরণ করেছি। ঠিক যেভাবে প্রস্তুতি নিয়েছি, তার আলোকে কিছু পরামর্শ দেওয়ার চেষ্টা করব।

○ ফিজিওলজি

ফিজিওলজি মুখস্থ করার বিষয় নয়। এটা বুঝে পড়তে হয়। অনেকে বলে, পরীক্ষায় ভালো করতে হলে Ganong-এর ফিজিওলজি পড়তে হবে। আমি কখনোই এই বইয়ের গভীরে ঢুকতে পারিনি। তবে কেউ পড়তে চাইলে নিষেধ করব না। আমি দুটি বই ফলো করতাম—

i. Linda physiology (Board review series)
ii. Roddie and Wallace MCQs in human physiology


এই দুটি বই খুব মনোযোগ দিয়ে, বুঝে বুঝে পড়েছি। আর কিছু পড়িনি। আমার মনে হয়, এই বই দুটি ভালোমতো আয়ত্ত করতে পারলে ফিজিওলজি পার্টে ভালো করতে পারবেন।

○ অ্যানাটমি

অ্যানাটমি পড়তে বরাবরই আমার খুব ভালো লাগে। অ্যানাটমির ক্ষেত্রেও সর্বদা দুটি বই পাশে রাখতাম—

i. B D Chaurasia's Human Anatomy
ii. Netter Atlas of Human Anatomy

কিছু কিছু টপিক খুবই গুরুত্বপূর্ণ। এগুলো হলো আপার আর লোয়ার লিম্বের সব মাংসপেশির নার্ভ সাপ্লাই, কিছু বড় বড় পেশির কাজ, ব্রেস্ট, এক্সিলা, ব্রাকিয়াল প্লেক্সাস, ইন্টারমাসকুলার স্পেস অব স্ক্যাপুলার রিজিওন, কিউবিটাল ফোসা, ফিমোরাল ট্রায়াংগল, অ্যাডাক্টর ক্যানাল, গ্রেটার অ্যান্ড লেসার শায়াটিক ফোরামেন, পপলিটিয়াল ফোসা।
এ ছাড়া মাসলস্ অব অ্যান্টেরিয়র অ্যাবডমিনাল ওয়াল, ইংগুইনাল ক্যানাল, স্পার্মাটিক কর্ড, টেস্টিস, স্টমাক, ডিওডেনাম, মিকেলস ডাইভার্টিকুলাম, ব্লাড ভেসেলস অব গাট, পোর্টোসিস্টেমিক অ্যানাসটোমোসিস, ওপেনিংস অব ডায়াফ্রাম, প্রোস্টেট, রেকটাম, অ্যানাল ক্যানাল, ইউরিনারি ব্লাডারও গুরুত্বপূর্ণ। পড়তে হবে অ্যাজাইগোস ভেইন, থোরাসিক ডাক্ট, হার্ট, লাং, ট্রাকিয়া, ইসোফেগাস, নার্ভ সাপ্লাই অব প্লুরা অ্যান্ড পেরিকার্ডিয়াম, প্যারাসিমপ্যাথেটিক গ্যাংলিওন, ডেরিভেটিভ অব ফ্যারিনিজয়াল আর্চ অ্যান্ড পাউচ, স্কাল্প, ডিপ সার্ভাইক্যাল ফাশা, ট্রায়াংগল অব নেক, সেরেব্রাল ভেনাস সাইনাসেস, থাইরয়েড, প্যারাথাইরয়েড, প্যারোটিড, সার্ভাইক্যাল প্লেক্সাস, ফ্রেনিয়াল নার্ভস, সার্কেল অব উইলিস, নার্ভ সাপ্লাই (টাং, ল্যারিংস, ফ্যারিংস অ্যান্ড সফট প্যালেট)। এমব্রায়োলজির জন্য বিডি চোরাশিয়া থেকে প্রতিটি চ্যাপ্টারের শেষে যেটুকু দেওয়া থাকে, এটুকুই যথেষ্ট। কেউ বেশি পড়তে চাইলে ল্যাংম্যান। হিসটোলজির জন্য সেলিম রেজার হিসটোলজি পড়তে পারেন।



ডা. মো. রায়হান আলী মোল্লা

○ প্যাথলজি

প্যাথলজির সিলেবাস অনেক বড়। এখানে মাইক্রোবায়োলজিও অন্তর্ভুক্ত। ডিটেইলস পড়তে হবে। প্রতিটা টপিক পড়ার সময় খেয়াল করে পড়বেন, কোন তথ্যটুকু মনে রাখলেই চলবে। যে বইগুলোর সহায়তা নিতে পারেন—

i. Review of Medical Microbiology and Immunology-LANGE
ii. Practical Pathology and Microbiology-Prof. K. A. Khaleque.
iii. Robins and Cotrang-Pathologic Basis of Disease.
iv. Bailey and Love-Short Practice of Surgery.

আমি রবিনস থেকে জেনারেল প্যাথলজি অংশটুকু পড়েছি। সিস্টেমিক প্যাথলজি কাভার করে বেইলি-লাভের সার্জারি বই।
কিভাবে পড়বেন? পড়ার কৌশল নিজেকেই বের করে নিতে হবে। কতটুকু পড়বেন, কতটুকু স্কিপ করবেন—বিগত বছরের প্রশ্ন দেখে এটা নিজেকেই বুঝতে হবে। ধরুন, আপনি ডেঙ্গু নিয়ে পড়তে চাচ্ছেন, তাহলে কী কী জানবেন? কোন মশার কামড়ে হয় এটা মোটামুটি সবাই জানে। আপনাকে জানতে হবে এই ভাইরাস কী টাইপ ভাইরাস, কয়টা সেরোটাইপ আছে, ইমিউনিটি কেমন, ভ্যাক্সিন আছে কি না, এই রোগের জ্বর কিভাবে ওঠা-নামা করে, এই জ্বরের আর কী কী নাম আছে, ইনকিউবিশন পিরিয়ড কয় দিন, rash কেমন হয়, জ্বরের কত দিনে শুরু হয়, সময়মতো চিকিৎসা না করলে কী কী হতে পারে, কিভাবে রোগ নির্ণয় করা যায়, কোন পরীক্ষা পদ্ধতি সেনসিটিভ ও স্পেসিফিক, ফ্র্যাজিলিটি টেস্ট কী, চিকিৎসা কী ইত্যাদি।

○ মেডিসিন

মেডিসিনের জন্য ডেভিডসন বইয়ের বিকল্প নেই। টপিক ধরে ধরে পড়ে ফেলতে হবে। এটার সিলেবাসও বিশাল। এখানেও প্রচুর সময় দিতে হবে প্যাথলজি অংশের মতো।
বেশি গুরুত্ব দিতে হবে ইনফেকশাস ডিজিস, রেসপিরেটরি ডিজিস, কার্ডিয়াক ডিজিস, রেনাল ডিজিস, হেলমিনথিক ডিজিস, গ্যাস্ট্রোইনটেসটিনাল ডিজিস, এন্ডোক্রাইন ডিজিস, ব্লাড ডিসঅর্ডারস, লিভার ডিজিস, নিউরোলজিক্যাল ডিজিস, চর্মরোগ, পয়জনিং, মাসকুলোস্কেলেটাল ডিজিস, এসটিডি টপিকগুলোতে।

■ রিভিশনের জন্য সময় থাকুক


নিজের অভিজ্ঞতা থেকে বলতে চাই, পরীক্ষার কমপক্ষে সাত দিন আগে পড়া শেষ করতে হবে। এই সময়টুকু রাখুন রিভিশনের জন্য। প্রথমবার পড়ার সময় নোট রাখুন। বিশেষ করে যেগুলো সহজে মনে থাকতে চায় না। পরীক্ষার আগ মুহূর্তে সহজেই সেগুলোতে চোখ বুলিয়ে নিতে পারবেন।


■ সময় মেপে

প্রতিটি প্রশ্ন পড়ে সঠিক উত্তর বের করে বৃত্ত ভরাটের জন্য সময় পাবেন মাত্র ৩৬ সেকেন্ড। তার ওপর আছে নেগেটিভ মার্কিং। অতএব, পরীক্ষার হলে টাইম ম্যানেজমেন্ট অনেক গুরুত্বপূর্ণ। মাথা ঠাণ্ডা রাখতে হবে পুরোটা সময়। যে প্রশ্ন সম্পর্কে কোনো আইডিয়া নেই, তার পেছনে অযথা সময় নষ্ট করবেন না। পরের প্রশ্নে চলে যান। নিশ্চিত না হয়ে বৃত্ত ভরাট করবেন না।
আশা করি পরীক্ষা ভালো হবে। শুভ কামনা।

Android Application " Job Circular "

সবার আগে প্রতিদিনের বিভিন্ন পত্রিকা এবং অনলাইনে প্রকাশিত সরকারি-বেসরকারি সব ধরনের চাকরির খবর, সাপ্তাহিক চাকরির পত্রিকা, আবেদনের নিয়ম, আবেদন ফরম সহ নিয়োগ সংক্রান্ত সকল তথ্য নিয়ে এই আপস।





সংক্ষিপ্ত বৈশিষ্ট্য

- ☞ দৈনিক পত্রিকা এবং অনলাইনে প্রকাশিত প্রতিদিনের চাকরির বিজ্ঞপ্তি
- ☞ পরীক্ষা সময়সূচী এবং ফলাফল সহ পরীক্ষা সংক্রান্ত সকল নোটিশ
- ☞ সাপ্তাহিক চাকরির পত্রিকা (HD Picture এবং PDF আকারে)
- ☞ আবেদনের ফরম এবং চালান/ব্যাংক ড্রাফ্ট ফরম পূরণ ও আবেদনের নিয়ম অনলাইনে আবেদনের ঠিকানা
- ☞ Favorite (Bookmark) system: এর মাধ্যমে আপনি আপনার পছন্দের বিজ্ঞপ্তি, নোটিশ, চাকরির প্রস্তুতিসহায়ক বিভিন্ন বিষয় Save করে রাখতে পারবেন।
- ☞ নিয়োগ পরীক্ষার প্রস্তুতি সহায়ক সকল তথ্য

✍ বৈশিষ্ট্য ✍

✍ **নতুন এবং গুরুত্বপূর্ণ চাকরির খবর এর "Notification"**
এর মাধ্যমে আপনি আপস ওপেন না করেই আপনার মোবাইলের Notification বার এ জানতে পারবেন গুরুত্বপূর্ণ চাকরির খবর এবং পরীক্ষার নোটিশ

✍ **কমেন্ট সিস্টেম:** প্রতিটি বিজ্ঞপ্তির নিচে কমেন্ট করার অপশন আছে, ওই বিজ্ঞপ্তি সম্পর্কে যদি আপনার কোন প্রশ্ন/জিজ্ঞাসা/সমস্যা/তথ্য জানার থাকে তাহলে আপনি কমেন্ট করলে আপনাকে আপনার প্রয়োজনীয় তথ্য দিয়ে সাহায্য করার চেষ্টা করব।

☞ এছাড়াও মেনুবারে আলাদাভাবে কমেন্ট করার অপশন পাবেন, সেখানে আপনি নিয়োগ সংক্রান্ত যে কোন প্রশ্ন করতে পারবেন।

✍ **Job Age Calculator:** চাকরির বয়স বের করার ক্যালকুলেটর। চাকরির আবেদনের ক্ষেত্রে অনেক সময় বয়স বের করতে হয়। এই Job Age Calculator এর মাধ্যমে আপনি আপনার কাঙ্ক্ষিত বয়স বের করতে পারবেন।

≡ **জব ক্যাটাগরি:** বিজ্ঞপ্তিগুলো সহজে খুজে পাবার জন্য ক্যাটাগরি করা আছে। নিচে কিছু ক্যাটাগরি উল্লেখ করা হল।

- ➲ সরকারি চাকরি
- ➲ ব্যাংক জব
- ➲ এনজিও
- ➲ শিক্ষক নিয়োগ
- ➲ মার্কেটিং / সেলস
- ➲ রেলওয়ে জব
- ➲ ডিফেন্স এ চাকরি
- ➲ ফ্রেশার / অনভিজ্ঞদের চাকরি
- ➲ পার্ট টাইম জব
- ➲ কল সেন্টার / কাস্টমার সার্ভিস
- ➲ সাপ্তাহিক চাকরির পত্রিকা
- ➲ অন্যন্য বেসরকারি চাকরি

✍ **প্রতিদিনের তথ্য**
বিভিন্ন দৈনিক পত্রিকা থেকে গুরুত্বপূর্ণ সাধারণ জ্ঞানমূলক তথ্য এবং দৈনিক ইংরেজি পত্রিকার গুরুত্বপূর্ণ Article এর অনুবাদ ও Daily Star Vocabulary.

✍ **সাম্প্রতিক তথ্য:** বিভিন্ন পত্রিকা ও অন্যান্য উৎস থেকে চলমান বাংলাদেশ এবং বিশ্বের সাম্প্রতিক তথ্য।

✍ **ক্যারিয়ার গাইড:** চাকরির পরীক্ষা সহায়ক বিভিন্ন তথ্য এবং Article এবং পরামর্শ।

✍ **ডাউনলোড জোন:** চাকরির প্রস্তুতির জন্য বিভিন্ন প্রকাশনীর বই এবং অনলাইনে প্রকাশিত সকল বিষয়ের তথ্যের PDF। প্রায় ১০০ GB+ প্রয়োজনীয় সকল বই নিয়ে এর ক্যাটাগরি।

✍ **ইন্টারভিউ টিপস:** ইন্টারভিউ এর জন্য কিভাবে নিজেকে প্রস্তুত করবেন সেই সকল বিষয়ে অভিজ্ঞদের পরামর্শ।

✍ **ভাইভা অভিজ্ঞতা :** চাকরির ভাইভাতে কিধরণের প্রশ্নের সম্মুখীন হতে হয় সেই সকল তথ্য নিয়ে এই ক্যাটাগরি। বিসিএস, ব্যাংক সহ অন্যান্য নিয়োগ ভাইভা অভিজ্ঞতা এখানে পাবেন।

✍ **প্রশ্ন ব্যাংক এবং NTRCA প্রশ্ন ব্যাংক:** নিয়োগ পরীক্ষার বিগত সালের প্রশ্ন এবং সমাধান। এছাড়াও প্রতিনিয়ত যে সকল নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয় তার প্রশ্ন-সমাধান।

✍ **মডেল টেস্ট:** নিজেকে নিয়োগ পরীক্ষার উপযোগী করে গড়ে তোলার জন্য অনুশীলনের বিকল্প নেই। এই ক্যাটাগরিতে "ব্যাখ্যা সহ (বেশিরভাগ ক্ষেত্রে)" মডেল টেস্ট পাবেন। (With timer এবং Without timer আপনার পছন্দ মত মডেল টেস্ট দিতে পারবেন)

☞ চাকরি বিষয়ক পরামর্শ সহ আরো অনেক কিছু...

❤ এই আপস এর বৈশিষ্ট্য গুলো যদি আপনার ভাল লাগে তাহলে আজই ডাউনলোড করুন।

Download Link: https://play.google.com/store/apps/details?id=com.careerguidebd.jobcircular